



"দুটি সন্তানের বেশী নয় একটি হলে ভাল হয়"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dmss@dgfood.gov.bd
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৮-১৮৩(২)

তারিখ : ২৮/০২/২০১৮ খ্রিঃ

বিষয় : সড়ক পথে মোট ৫০০০ মেঃটন আমন'১৭-১৮ সিদ্ধ চালের চলাচল সূচি।

কুষ্টিয়া জেলার বিভিন্ন এলএসডিতে চলতি আমন সংগ্রহের লক্ষ্যে খালি জায়গা সৃষ্টির প্রয়োজনে স্থানীয়ভাবে সংগৃহীত চালের মজুদ হতে চাহিদার অতিরিক্ত চাল বিভাগের বাহিরে প্রেরণের প্রস্তাব করা হয়েছে। এছাড়া বৃহত্তর ফরিদপুর জেলার বিভিন্ন এলএসডি'র খাদ্য বাস্কবসহ বিভিন্ন খাতের চাহিদা পূরণের লক্ষ্যে অপর পৃষ্ঠায় বর্ণিতভাবে সড়ক পথে ৫০০০ মেঃটন আমন'১৭-১৮ সিদ্ধ চালের চলাচল সূচি জারি করা হলো।

পরিবহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলী পালণীয় :-

- ১। সূচির বিপরীতে প্রেরিতব্য চাল সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত চালের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সু-স্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেথানি বিশেষ তদরকী/নজরদারীতে চাল প্রেরণ করতে হবে।
- ২। প্রতি ট্রাক এ প্রেরিত চালের নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে।
- ৩। কীট আক্রান্ত এবং নিম্নমানের কোন চাল প্রেরণ করা যাবে না।
- ৪। মাত্রাতিরিক্ত পরিবহণ ঘাটতির মূল্য আদায়ের ব্যবস্থা করতে হবে এবং ইনভয়েসের ফেরত কপি প্রেরকের নিকট যথাসময়ে পাঠাতে হবে।
- ৫। প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি এবং ডি-ইনভয়েস মনিটরিং করবেন এবং সপ্তাহ শেষে অত্র দপ্তরে প্রতিবেদন প্রেরণ করবেন।
- ৬। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদার ভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৭। সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক / জেলা খাদ্য নিয়ন্ত্রক / সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ সূচি অনুযায়ী চাল প্রেরণ এবং গন্তব্যস্থানে মালামাল যথাযথভাবে পরিবহণ ও প্রাপ্তি মনিটরিং করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৮। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তার অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অবশ্যই অনুলিপি দিয়ে অবহিত করবেন।
- ৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদার ভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ১০। এই সূচির মেয়াদ আগামী ০৫/০৩/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার, খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে পরবর্তী আগ্রহী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি জারি প্রদান হতে পারে এবং ঠিকাদারদের বিরুদ্ধে চুক্তি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষর

(মোঃ মিজানুর রহমান)

উপ-পরিচালক

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক

ফোন : ০২-৯৫৫১৪২৮

তারিখ : ২৮/০২/২০১৮ খ্রিঃ

প্রাপক : ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা।

২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া।

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৮-১৮৩(২)/৩০

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য :

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, সববি/হিসাব ও অর্থ/সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা এলএসডি।
- ৮। অফিস কপি।

স্বাক্ষর
২৮/০২/১৮
উপ-পরিচালক (উপরেস)

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ।

২৮.০২.১৮

চলমান পাতা-২

